Times Today BD

ডেস্ক রিপোর্ট | বিনোদন | 22 April, 2025

আর্থিক প্রতারণার মামলায় বিপাকে পড়লেন তেলেগু সিনেমা ইন্ডাস্ট্রির আলোচিত অভিনেতা মহেশ বাবু।এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) তলব করেছে তাকে।আগামী ২৮ এপ্রিলের মধ্যে অভিনেতাকে ইডিতে হাজিরা দিতে হবে বলে জানানো হয়েছে সোমবার (২১ এপ্রিল)।

সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, দুই রিয়েল এস্টেট প্রতিষ্ঠান সাই সূর্য ডেভেলপার্স ও সুরানা গ্রুপের বিরুদ্ধে অর্থ প্রতারণার অভিযোগ উঠে।অভিনেতা মহেশ বাবু ৫ কোটি ৯০ লাখ টাকার বিনিময়ে প্রতিষ্ঠান দুটিকে সমর্থন করেছিল বলে অভিযোগ করা হয়েছে।

এ ঘটনায় তারকার জড়িত থাকার বিষয়টি তদন্ত করছে ইডি। কেননা, তার অনুমোদনের কারণেই কয়েকজন প্রতারণামূলক উদ্যোগে বিনিয়োগ করেছিল বলে দাবি করা হয়েছে অভিযোগে।

অভিনেতা মহেশ বাবু প্রতিষ্ঠান দুটির মাধ্যমে অর্থ পাচার না করলেও প্রতিষ্ঠান দুটি থেকে পাচারের অর্থ নেয়ার অভিযোগে তার বিরুদ্ধে তদন্ত চলছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। তেলেঙ্গানা পুলিশের দায়ের করা মামলার ভিত্তিতে তদন্ত শুরু করেছিল ইডি।সংস্থা দুটি একই প্লট একাধিক মানুষের নামে রেজিস্ট্রেশনের মাধ্যমে বিক্রি করে প্রতারণা করা হয়েছে বলে সূত্রের খবর।

এর আগে গত ১৬ এপ্রিল ইডির অভিযানে সন্দেহজনক লেনদেনে ১০০ কোটি টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। অভিযানে যেসব কাগজপত্র পাওয়া গেছে তাতে মোটা অংকের অর্থ আদান-

প্রদানের ইঙ্গিত মিলেছে। সূত্রের খবর, ফৌজদারি অপরাধে মামলাটি নিয়েছে ইডি।

প্রসঙ্গত, ১৯৯০ দশকের শেষ দিকে সিনেমা ইন্ডাস্ট্রিতে অভিষেক হয় মহেশ বাবুর। তার অভিনীত ‘ওক্কাডু’ (২০০৩), ‘আথাডু’ (২০০৫), ‘পোক্কিরি’ (২০০৬) এবং সাম্প্রতিক মুক্তিপ্রাপ্ত ‘সারিলেরু ‘নিক্কেভারু’ (২০২২) ও ‘সরকারু ভারি পাট্টা’ (২০২২) সিনেমা বক্স অফিসে হিট করে।

আর্থিক প্রতারণা মহেশ বাবু সিনেমা ইন্ডাস্ট্রি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 06:25

URL: https://www.timestodaybd.com/public/entertainment/8230091251